



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোনঃ ০২২২৩৩৮৬৯৩১, e-mail: dgmaccounts1@krishibank.org.bd

কেন্দ্রীয় হিসাব বিভাগ

ডিএমডি(২) পরিপত্র নং-০৫/২০২২

তারিখ : ২৫.০৭.২০২২

বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংক সাধারণ হিসাবের সুদ হিসাবায়নের ক্ষেত্রে প্রাত্যহিক ডেবিট-ক্রেডিট স্থিতির পার্থক্য তথা নিট স্থিতির উপর সুদ হিসাবায়ন পদ্ধতি প্রবর্তনসহ সাধারণ হিসাবের সুদের হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিকেবি সাধারণ হিসাবের সুদ হিসাবায়ন পদ্ধতি সংক্রান্ত ১২.০৬.১৯৯৮ তারিখের অপারেশন পরিপত্র নং-৫৫/৯৮ এবং সাধারণ হিসাবের সুদ হার সংক্রান্ত ১৯.০২.২০১৯ তারিখের হিসাব পরিপত্র নং-১৪/২০১৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ২। বর্ণিত অপারেশন পরিপত্র নং-৫৪/৯৮ এর মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের আন্তঃশাখা সাধারণ হিসাবসমূহের ডেবিট স্থিতির প্রোডাক্টের উপর ও ক্রেডিট স্থিতির প্রোডাক্টের উপর আলাদা আলাদাভাবে সুদ হিসাবায়নের নির্দেশনা প্রদান করা হয় এবং হিসাব পরিপত্র নং-১৪/২০১৯ এর মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের আন্তঃশাখা সাধারণ হিসাবসমূহের সুদের নতুন হার নির্ধারণ করা হয়।
- ৩। ১৪.০৭.২০২২ তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৪৪৩তম সভায় উপর্যুক্ত বিষয় ২টি উপস্থাপিত হলে; বাংলাদেশ কৃষি ব্যাংক সাধারণ হিসাবের সুদ হিসাবায়নের ক্ষেত্রে বিদ্যমান পদ্ধতি অর্থাৎ ডেবিট স্থিতির উপর ও ক্রেডিট স্থিতির উপর আলাদা আলাদাভাবে সুদ হিসাবায়নের পরিবর্তে সকল সাধারণ হিসাবের প্রাত্যহিক ডেবিট-ক্রেডিট স্থিতির পার্থক্য তথা নিট স্থিতির উপর Daily Product Basis এ Netting Method অবলম্বন করে সুদ হিসাবায়ন পদ্ধতি প্রবর্তনসহ প্রধান কার্যালয়ে প্রেরিত তহবিলের সুদ হার ৭.৫০% ও প্রধান কার্যালয় হতে গৃহীত তহবিলের সুদ হার ৭.০০% নির্ধারণ করা হয় যা ০১.০৮.২০২২ তারিখ থেকে কার্যকর হবে মর্মে ব্যবস্থাপনা সমন্বয় কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায় ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে সাধারণ হিসাবের সুদ হিসাবায়নের নিম্নোক্ত নতুন পদ্ধতি প্রবর্তনসহ পুনঃনির্ধারিত সুদ হার জারী করা হলো :
- ৩.১। বাংলাদেশ কৃষি ব্যাংক সাধারণ হিসাবের সুদ হিসাবায়নের ক্ষেত্রে বিদ্যমান পদ্ধতি অর্থাৎ ডেবিট স্থিতির উপর ও ক্রেডিট স্থিতির উপর আলাদা আলাদাভাবে সুদ হিসাবায়নের পরিবর্তে সকল সাধারণ হিসাবের প্রাত্যহিক ডেবিট-ক্রেডিট স্থিতির পার্থক্য তথা নিট স্থিতির উপর Daily Product Basis এ Netting Method অবলম্বন করে সুদ হিসাবায়ন পদ্ধতি প্রবর্তন করা হলো, যা ০১.০৮.২০২২ তারিখ হতে কার্যকর হবে এবং এতদসংক্রান্ত সাধারণ হিসাবের সুদ হিসাবায়ন পদ্ধতি সংক্রান্ত ১২.০৬.১৯৯৮ তারিখের অপারেশন পরিপত্র নং-৫৫/৯৮ এর নির্দেশনা বাতিল বলে গণ্য হবে।
- ৩.২। বাংলাদেশ কৃষি ব্যাংক সাধারণ হিসাবের নিম্নোক্ত পুনঃনির্ধারণকৃত সুদের হার ০১.০৮.২০২২ তারিখ থেকে কার্যকর বলে গণ্য হবে এবং এতদসম্পর্কিত ১৯.০২.২০১৯ তারিখের হিসাব পরিপত্র নং ১৪/২০১৯ এর নির্দেশনা বাতিল বলে গণ্য হবে।

অ. প্রধান কার্যালয়ে প্রেরিত তহবিলের সুদ হার	:	৭.৫০%
আ. প্রধান কার্যালয় হতে গৃহীত তহবিলের সুদ হার	:	৭.০০%

- ৩.৩। বাংলাদেশ কৃষি ব্যাংক সাধারণ হিসাবের নিম্নোক্ত খাতসমূহে আন্তঃশাখা সুদ হিসাবায়ন প্রযোজ্য হবে :

ক্রমিক	সাধারণ হিসাব খাত
০১	১১৫-বিকেবি আন্তঃশাখা আঞ্চলিক সাধারণ হিসাবখাত
০২	১১৬-বিকেবি আন্তঃশাখা বিভাগীয় সাধারণ হিসাবখাত
০৩	১১১০-বিকেবি আন্তঃশাখা অনলাইন সাধারণ হিসাবখাত
০৪	১১১১-বিকেবি আন্তঃশাখা একচেঞ্জ হাউজ সাধারণ হিসাবখাত
০৫	১১১৪-বিকেবি আন্তঃশাখা সাধারণ হিসাবখাত
০৬	১১১৫-বিকেবি আন্তঃশাখা আরটিজিএস সাধারণ হিসাবখাত
০৭	১১১৮-বিকেবি আন্তঃশাখা রেমিট্যান্স প্রণোদনা সাধারণ হিসাবখাত
০৮	১১১৯-বিকেবি আন্তঃশাখা রেমিট্যান্স অটোমেটেড সাধারণ হিসাবখাত

৩.৪। ১০.০৩.২০২২ তারিখের ডিএমডি(২)-পরিপত্র নং-০২/২০২২ এর মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংক সাধারণ হিসাবের নিম্নোক্ত ব্লকড খাতসমূহের অসমন্বিত স্থিতির উপর ০১.০৪.২০২২ তারিখ থেকে সুদ হিসাবায়ন স্থগিতকরণ সম্পর্কিত নির্দেশনা বহাল থাকবে।

ক্রমিক	সাধারণ হিসাব খাত
০১	১১১-ডিউ টু হেড অফিস
০২	১১২-ডিউ টু ব্রাঞ্চ
০৩	১১৩-বিকেবি সাধারণ হিসাব
০৪	১১৪-রাকাব সাধারণ হিসাব
০৫	১১৭-বিকেবি সাধারণ হিসাব
০৬	১১৮-বিকেবি এক্সচেঞ্জ হাউজ সাধারণ হিসাব
০৭	১১৯-বিকেবি কেন্দ্রীয় সাধারণ হিসাব
০৮	১১১২-মোবাইল ব্যাংকিং বিকেবি সাধারণ হিসাব (ডিবিবিএল)
০৯	১১১৩-মোবাইল ব্যাংকিং বিকেবি সাধারণ হিসাব (বিকাশ)
১০	১১১৬-বিকাশ আঞ্চলিক সাধারণ হিসাব

৪। বাংলাদেশ কৃষি ব্যাংক সাধারণ হিসাবের সুদ হিসাবায়নের ক্ষেত্রে প্রাত্যহিক ডেবিট-ক্রেডিট স্থিতির পার্থক্য অর্থাৎ প্রাত্যহিক নিট স্থিতির উপর সুদ হিসাবায়ন পদ্ধতি প্রবর্তনসহ সাধারণ হিসাবের পুনঃনির্ধারিত সুদের হারে সুদ হিসাবায়ন তথা সিবিএস'এ অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ'কে পরামর্শ প্রদান করা হলো।



২৫.০৭.২২
(মীর মোফাজ্জল হোসেন)
উপব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১(৪)/২০২২-২০২৩/৫৯(১২০০)

তারিখঃ এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক ১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/ অধ্যক্ষ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকা, ঢাকা; পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডসহ অত্র পরিপত্রের আলোকে ০১.০৮.২০২২ তারিখ হতে আন্তঃশাখা সাধারণ হিসাব খাতসমূহের উপর সুদ হিসাবায়নের ক্ষেত্রে প্রাত্যহিক ডেবিট-ক্রেডিট স্থিতির পার্থক্য তথা নিট স্থিতির উপর সুদ হিসাবায়ন পদ্ধতি প্রবর্তনসহ পুনঃনির্ধারিত সুদের হার সিবিএস'এ অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
- ০৬। উপমহাব্যবস্থাপক, হিসাব সমন্বয় বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা; পরিপত্রে বর্ণিত ব্লকড আন্তঃশাখা সাধারণ হিসাব খাতসমূহের অসমন্বিত এন্ট্রিসমূহের সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। উপমহাব্যবস্থাপক, লোকাল প্রিন্সিপাল অফিস ও কর্পোরেট শাখাসমূহ, বিকেবি।
- ০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
- ০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
- ১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
- ১১। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ১২। নথি/মহানথি।


২৫.৭.২০২২
(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক